# ALL INDIA RADIO

# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

**BENGALI**

**4 January 2026** **7:45 PM IST**

==============================================================================

১) মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার ডিমরীয়া বিধানসভা আসনের ২৪ হাজার ৭৬৬ জন মহিলাকে উদ্যমিতা প্রকল্পের চেক বিতরণ ।

২) আসন্ন রাজ্য বিধানসভা নির্বাচনের জন্য কংগ্রেস বিজেপি সহ অন্যান্য দলের তৎপরতা শুরু ।

৩) জুবিন গার্গের ন্যায় প্রক্রিয়া ত্বরান্বিত করতে একটি বিশেষ আদালতের ব্যবস্থা করার জন্য পত্রের মাধ্যমে ছাত্র সংস্থা আসুর সরকারের প্রতি আহ্বান ।

৪) আসাম তথা বরাক উপত্যকার জেলাগুলিতে শীতের প্রকোপ সহ ঘন কুয়াশা ক্রমশ বৃদ্ধি । স্থান বিশেষে সর্বনিম্ন তাপমাত্রা ১১ ডিগ্রী সেলসিয়াস এবং এর চেয়েও কম পরিলক্ষিত ।

---

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ গৌহাটী মহানগরের কাছে পানীহাটীতে আয়োজিত এক অনুষ্ঠানে ডিমরীয়া বিধানসভা আসনের ২৪ হাজার ৭৬৬ জন

মহিলাকে উদ্যমিতা প্রকল্পের অধীনে ১০ হাজার টাকা করে চেক প্রদান করেন । অনুষ্ঠানের পর সাংবাদিকদের সংগে কথাবার্তার সময় মুখ্যমন্ত্রী বলেন যে মহিলারা আর্থিকভাবে সবল হলে গ্রামীন অর্থনীতির উন্নয়নের পথ প্রশস্ত হবে । ।খসরা ভোটার তালিকা সম্পর্কে সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে ড: শর্মা বলেন যে খসরা ভোটার তালিকা সম্পর্কে অভিযোগ থাকলে ২২ শে জানুয়ারীর মধ্যে নির্বাচন কমিশনের কাছে আবেদন দাখিল করতে হবে । মুখ্যমন্ত্রী বলেন ট্র

**বাইট**

---

আসামে আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য প্রার্থী বাছাই সহ সংশ্লিষ্ট বিষয়ের জন্য বিভিন্ন রাজনৈতিক দলের তৎপরতা শুরু হয়েছে ।

আসাম প্রদেশ বজেপির ২০২৬ সালের বিধানসভা নির্বাচন প্রবন্ধন সমিতির আহ্বায়ক তথা লখিমপুরের সাংসদ প্রদান বরুয়া আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য দল সম্পূর্নরুপে প্রস্তুত বলে মন্তব্য করেন । রাজ্য বিজেপির মুখ্য কার্যালয় অটল বিহারী বাজপেয়ী ভবনে আজ এক সাংবাদিক সম্মেলনে শ্রী বরুয়া বলেন যে রাজ্যের প্রতিটি বিধানসভা কেন্দ্র ও পঞ্চায়েতে বিজেপির নির্বাচন প্রবন্ধন সমিতি গঠন করা হয়েছে ।তিনি রাজ্যজুড়ে দেওয়াল লিখন কার্যসূচীর বিষয়ে উল্লেখ করে বলেন যে আগামীকাল বিজেপির রাজ্য সভাপতি দিলীপ শইকীয়ার উপস্থিতিতে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা খানাপারার কেন্দ্রীয় বিদ্যালয়ের সামনে দেওয়াল লিখন কার্যসূচীর সূচণা করবেন ।

এদিকে কংগ্রেস দল প্রিয়াংকা গান্ধীকে অধক্ষ্য করে আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য প্রার্থী বাছাই সমিতি গঠন করেছে ।সমিতিতে সপ্তগিরি শংকর উলাকা ,ইমরাণ মাসুদ ও ড: সিরিভেল্লা প্রসাদকে সদস্য হিসেবে অর্ন্তভুক্ত করা হয়েছে । প্রদেশ কংগ্রেসের দায়িত্বে থাকা এ আই সি সি র সাধার ণ সম্পাদক , প্রদেশ কংগ্রেস সভাপতি , কংগ্রেস বিধায়িনী দলের নেতা ও এ আই সি সির সম্পাদকরা প্রার্থী বাছাই সমিতিতে সহযোগী সদস্য হিসেবে থাকবে ।

অসম জাতীয় পরিষদের সভাপতি লুরিনজ্যোতি গগৈ বিরোধী মিত্রতা সম্পর্কে কংগ্রেস নেতা গৌরব গগৈর সংগে অনানুষ্ঠানিকভাবে আলোচনা হয়েছে ও এসম্পর্কে শীঘ্র ঘোষনা করা হবে বলে শ্রী গগৈ প্রকাশ করেন ।

---

সারা আসাম ছাত্র সংস্থা জুবিন গার্গের ন্যায় প্রক্রিয়া সম্পর্কে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার কাছে পত্র প্রেরণ করেছে ।ছাত্র সংস্থার সভাপতি উৎপল শর্মা এবং সাধারণ সম্পাদক সমীরণ ফুকন জানান যে এই পত্রের মাধ্যমে জুবিন গার্গের ন্যায় প্রক্রিয়া ত্বরান্বিত করতে একটি বিশেষ আদালতের ব্যবস্থা করার জন্য সরকারের কাছে আহ্বান জানানো হয়েছে । এরজন্য ফৌজদারী আইনের অভিজ্ঞ আইনজীবীর একটি দলকে বিশেষ সরকারী আইনজীবী হিসেবে নিয়োগ করার প্রয়োজন রয়েছে বলে পত্রে উল্লেখ করা হয়েছে । এই ক্ষেত্রে হাইকোর্টকে বিশেষ আদালতের ব্যবস্থা করার জন্য সরকারকে পদক্ষেপ গ্রহণ করতে ছাত্র সংস্থার পক্ষ থেকে অনুরোধ জানানো হয়েছে ।প্রাণের শিল্পী জুবিন গার্গের মৃত্যু বিগত বছরে রাজ্যের সবচাইতে দুঃখজনক ঘটনা ছিল বলে উল্লেখ করে ছাত্রসংস্থা বলে যে আদালতের শুনানীর সময় অভিযুক্তদের প্রত্যেকে নিজেদেরকে রক্ষা করার জন্য প্রথমসারীর আইনজীবী নিয়োগ করা পরিলক্ষিত হয়েছে ।এই ক্ষেত্রে জুবিন গার্গের পক্ষে শক্তিশালী আইনজীবীর দল নিয়োগ করার সময় এসেছে বলে ছাত্রসংস্থা দাবী জানায়।

---

শিক্ষা বিভাগের অধীনে চা বাগানের জন্য সংরক্ষিত পদে আগামী ১১ ই ফেব্রুয়ারি নিযুক্তি প্রদান করা হবে ।মাধ্যমিক শিক্ষা সঞ্চালক মমতা হোজাই গতকাল একথা প্রকাশ করেন । তিনি বলেন যে  চা বাগানের জন্য সংরক্ষিত ৩ শতাংশ পদের মধ্যে আগামী ১৬ ই ফেব্রুয়ারী  চতুর্থ শ্রেণীর ১৭ জন ও তৃতীয় শ্রেণির পদে ২৬ জন প্রার্থীকে নিযুক্তি প্রদান করা হবে । একইভাবে সম্প্রতি প্রকাশিত প্রত্যক্ষ নিযূক্তি পরীক্ষায় এ ডি আর ই র নিযুক্তি তালিকা  অনুযায়ী মাধ্যমিক শিক্ষা সঞ্চালকালয় ৯ ই ফেব্রুয়ারী চতুর্থ শ্রেণীর পদে ৭৫৬ জন ও ১০ ই ফেব্রুয়ারী

তৃতীয় শ্রেণীর পদে ২২৫ জন প্রার্থীকে নিযুক্তি দেবে । নিযুক্তি প্রদান করার জন্য এই পদগুলির মধ্যে ৩ শতাংশ পদে চা বাগানের প্রার্থীকে নিযুক্তি দেওয়া হবে ।

মাধ্যমিক শিক্ষা সঞ্চালক শ্রীমতী হোজাই চা বাগানের আদর্শ বিদ্যালয়ে হান্স ফাউন্ডেশনের মাধ্যমে নিয়োগ করা সংগীত শিক্ষকদের বেতন সেই প্রতিষ্ঠানটি প্রদান করবে বলে জানান । তিনি ২০২২ সালে চা বাগানে স্থাপন করা আদর্শ বিদ্যালয়গুলিতে অধ্যয়নরত ছাত্র ছাত্রীর সংখ্যা ৩১ হাজার ৬০০ তে বৃদ্ধি পেয়েছে বলে উল্লেখ করেন ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে ২০৩৬ সালে অলিম্পিক গেমস অনুষ্ঠিত করার জন্য ভারত জোড়ালো দাবী উত্থাপন করবে । আজ বারানসীতে অনুষ্ঠিত ৭২ তম জাতীয় ভলিভল প্রতিযোগিতার উদ্বোধন করে প্রধানমন্ত্রী একথা জানান । ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে প্রতিযোগিতার উদ্বোধন করে শ্রী মোদী বলেন ২০১৪ সালের পর ক্রীড়ার বিভিন্ন ক্ষেত্রে ভারতের খেলোয়াড়দের প্রদর্শন উল্লেখযোগ্যভাবে উন্নত হয়েছে । খেলার মাঠে তরুণ প্রজন্ম যখন তেরঙ্গা পতাকা উড়ায় তখন সমগ্র দেশ গৌরব অনুভব করে বলে তিনি মন্তব্য করেন ।

---

কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়ালের কনভয় আজ ডিব্রুগড়ে দূর্ঘটনাগ্রস্থ হয় ।এই ঘটনায় ৬ জন লোক আহত হন । শ্রী সনোয়াল আজ বিন্ধাকটা গ্রামে যাওয়ার সময় চাবুয়ার হাতীআলি বাইপাসে এই দূর্ঘটনা সংঘঠিত হয় । আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন যে কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে রাজ্যসভার সাংসদ রামেশ্বর তেলীও ছিলেন এবং তাদের কনভয়ের একটি গাড়ির পথের পাশে থেমে থাকা অবস্থায় একটি গাড়িতে ধাক্কা লাগার ফলে এই দূর্ঘটনা সংঘঠিত হয় । এই ঘটনায় দুজন সাধারণ নাগরিক আহত হওয়া সহ ৪ জন পুলিশ কর্মী আহত হন ।আহত লোকেদের তাৎক্ষণিকভাবে ডিব্রুগড় আসাম মেডিক্যাল কলেজে প্রেরণ করা হয় ।আহত লোকেরা বর্তমানে সংকটমুক্ত বলে পুলিশ সূত্রে জানানো হয়েছে ।

---

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগের পক্ষ থেকে আজ ও আগামীকাল উত্তর-পূর্বাঞ্চলের বিভিন্ন অংশে ঘন থেকে অতি ঘন কুয়াশার সর্তকতা জারী করা হয়েছে। কুয়াশার কারনে ভোর ও রাতের সময় দৃশ্যমানতা কমে যাওয়ারও আংশকা করা হয়েছে ।

এদিকে বরাক উপত্যকার তিন জেলা সহ ডিমা হাসাও জেলায় তীব্র শৈত প্রবাহের ফলে আজ স্বাভাবিক জনজীবন ব্যহত হয়েছে । আমাদের হাফলং-এর সংবাদদাতা জানিয়েছেন যে ডিমা হাসাও জেলার মাহুর, হারেঙ্গাজাও ,মাইবংয়ের সর্বনিম্ন তাপমাত্রা ১১ ডিগ্রী সেলসিয়াসে রয়েছে । বরাক উপত্যকার তিন জেলায়ও তাপমাত্রা সর্বোচ্চ ২২ ডিগ্রী থেকে সর্বনিম্ন ১১ ডিগ্রী মধ্যে রয়েছে ।

---

রাজ্যের পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের উদ্যোগে আজ পাথারকান্দি বিধানসভা কেন্দ্রের অর্ন্তগত সলগই-এ কৃত্রিম প্রজনন বিষয়ক পশু স্বাস্থ্য শিবির ও সচেতনতা কর্মসূচী অনুষ্টিত হয়েছে । কর্মসূচীতে রাজ্যের পূর্ত, মৎস্য , পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী শ্রীপাল বলেন যে কৃষক সমাজের আর্থ সামাজিক অবস্থার উন্নতির লক্ষ্যে আসাম সরকার প্রতিশ্রুতিবদ্ধ । পশু স্বাস্থ্য সেবা সম্প্রসারন , উন্নতজাতের গবাদি পশু উৎপাদন , কৃষকদের প্রশিক্ষন ও সচেতনতা বৃদ্ধিতে অগ্রাধিকার দিয়ে সরকার নিরবচ্ছিন্নভাবে কাজ করে যাচ্ছে । অনুষ্ঠানে পশু পালন বিভাগের আধিকারীক সহ পশু পালকরা উপস্থিত ছিলেন ।

---

আসাম রাইফেলসের স্পিয়ার কর্পস আজ শিলচর এন আই টি তে অস্ত্র প্রদর্শনীর আয়োজন করে । অনুষ্ঠানে এন সি সি কেডেটস ,৫০০ শ'র বেশী শিক্ষার্থী , শিক্ষক এবং তাদের পরিবারের সদস্যরা অংশগ্রহণ করেন ।

হাইলাকান্দি জেলার স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে সরকারী নির্দেশ অমান্য করার অভিযোগে জেলার ১৮টি ফার্মাসিকে শোকজ নোটিশ পাঠানো হয়েছে । হাইলাকান্দি জেলার কয়েকটি ফার্মাসি সরকারী নির্দেশ অমান্য করে প্রয়োজনীয় নথি ও বিধি নিষেধ মানা ছাড়াই ঔষধ বিক্রি করছে বলে অভিযোগ উঠেছে । এই অভিযোগের ভিত্তিতে ড্রাগস কন্ট্রল বিভাগ তদন্ত চালায় । তদন্তে অনিয়মের অভিযোগ পাওয়ায় মোট ১৮টি ফার্মাসিকে কারন দর্শানোর নোটিশ পাঠানো হয়েছে । স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে যে সন্তোষজনক উত্তর না দিলে,সংশ্লিষ্ট ফার্মাসিগুলির বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে , প্রয়োজনে ফার্মাসিগুলির লাইসেন্স বাতিল বা সিল করা হবে ।